রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

**বুধবার, ডিসেম্বর ২, ২০১৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়**

**স্থানীয় সরকার বিভাগ**

**উপজেলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ, ২৫ কার্তিক ১৪২২/০৯ নভেম্বর ২০১৫

**নং ৪৬.০৪৬.০২৭.০০.০০.২৫৭.২০১৫-১৩৩৩**—যেহেতু, জনাব মোঃ মনিরুল ইসলাম, চেয়ারম্যান, নড়াইল সদর উপজেলা পরিষদ-এর বিরুদ্ধে নড়াইল সদর থানার মামলা নং-২৬, তাং-২৭/১০/২০১৩, জি,আর-৩০৭/১৩(এন)-এর অভিযোগপত্র বিজ্ঞ আদালত কর্তৃক গৃহীত হয়েছে;

যেহেতু, বিজ্ঞ আদালত কর্তৃক জনাব মোঃ মনিরুল ইসলাম, চেয়ারম্যান, নড়াইল সদর উপজেলা পরিষদ-এর বিরুদ্ধে অভিযোগপত্র গৃহীত হওয়ায় তাঁর দ্বারা উপজেলা পরিষদের ক্ষমতা প্রয়োগ জনস্বার্থের পরিপন্থি মর্মে সরকার মনে করে;

সেহেতু, উপজেলা পরিষদ আইন, ১৯৯৮ [উপজেলা পরিষদ (সংশোধন) আইন, ২০১১ দ্বারা সংশোধিত] এর ১৩খ(১) ধারা অনুসারে নড়াইল সদর উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব মোঃ মনিরুল ইসলামকে সাময়িকভাবে বরখাস্ত করা হ'ল।

এ আদেশ জনস্বার্থে জারি করা হল এবং অবিলম্বে কার্যকর হবে।

**ড. জুলিয়া মঈন**
সিনিয়র সহকারী সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক , বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
ড. মহিউদ্দীন আহমেদ (উপসচিব), উপপরিচালকের দায়িত্বে, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd



**মূল্য ঃ** টাকা ৪.০০